

১৭ বৈশাখ, ১৪২৫

স্মারকনং- ০৫.১০.৪৫.৮৯০০.০০৭.১১.০০৩.১৭- ১৪০

তারিখ:

৩০ এপ্রিল, ২০১৮


## নিয়োগ বিজ্ঞপ্তি

ইউনিসেফ এর সহায়তায় জেলা প্রশাসন, শেরপুর কর্তৃক বাস্তবায়নধীন “লোকাল গভারনেন্স ফর চিলড্রেন (এলজিসি)” কর্মসূচির জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শুধুমাত্র কর্মসূচির মেয়াদ কালীন সময়ের জন্য (মে ২০১৮-ডিসেম্বর ২০১৯) নিম্নলিখিত পদে যোগ্যতা সম্পন্ন লোক নিয়োগ করা হবে।

| পদের নাম, সংখ্যা ও বেতন/ভাতাদি  | কর্মস্থল                                   | যোগ্যতা ও অভিজ্ঞতা   |
|---|--|--|
| জেলা এলজিসি কোঅর্ডিনেটর<br>(১ জন)<br>মাসিক বেতন-<br>সর্বসাকুল্যে<br>৬০,০০০/-<br>(যাতায়াত,<br>রাত্রিযাপন,<br>ইন্টারনেট,<br>মোবাইল,<br>স্টেশনারীসহ<br>যাবতীয় ব্যয়সহ) | জেলা<br>প্রশাসকের<br>কার্যালয়,<br>শেরপুর। | ১. যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ডিগ্রীধারী হতে হবে। সামাজিক গবেষণায় অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।<br>২. উন্নয়ন কর্মকান্ড বিশেষ করে শিশু ও মহিলা বিষয়ক কর্মসূচিতে পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন, মনিটরিং, এ্যাডভোকেসী, জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন সরকারি ও বেসরকারি বিভাগের সাথে সমন্বয় সাধন, নেটওয়ার্কিং, ফ্যাসিলিটেশন, দক্ষতা বৃদ্ধিকরণ, তথ্য সংগ্রহ, রিপোর্টিং, আর্থিক ব্যবস্থাপনা ও কর্মীদের কারিগরি সহায়তা প্রদানে কমপক্ষে ৩ বছরের কাজের অভিজ্ঞতা<br>৩. জেলা ও উপজেলা পর্যায়ে সরকারি ও বেসরকারি বিভাগসমূহের সাথে সমন্বয় ও সহযোগিতার মাধ্যমে বিভিন্ন কর্মসূচিতে “উন্নয়নের জন্য যোগাযোগ ও কমিউনিটির অংশগ্রহণ” সম্পর্কিত কাজের দক্ষতা ও মানসিকতা থাকতে হবে<br>৪. দুর্যোগ ব্যবস্থাপনা, দুর্যোগের ঝুঁকিহ্রাস, ঝুঁকি বিশ্লেষণ, দুর্যোগপূর্ব প্রস্তুতি ও সাড়া প্রদান, পরিকল্পনা প্রণয়নে কমপক্ষে ৩ বছরের কাজের অভিজ্ঞতা ও দক্ষতা থাকতে হবে।<br>৫. কম্পিউটারের বিভিন্ন প্রোগ্রাম ব্যবহার করে ইংরেজী ও বাংলা ভাষায় প্রতিবেদন তৈরী, বিশ্লেষণ, পওয়ারপয়েন্ট উপস্থাপনা ও ইন্টারনেট ব্যবহারে দক্ষতা।<br>৬. বিকেন্দ্রীকৃত পরিকল্পনা পদ্ধতি, সামাজিক উদ্বুদ্ধকরণ ও কমিউনিটির ক্ষমতায়ন, শিশু ও মহিলাদের অধিকার বিষয়ক আধুনিক জ্ঞান ও দক্ষতা।<br>৭. স্থানীয় সরকারের প্রতিষ্ঠানসমূহ যেমন-ইউনিয়ন ও উপজেলা পরিষদের সাথে কাজের অভিজ্ঞতা বাড়তি যোগ্যতা হিসেবে বিবেচিত হবে<br>৮. উপজেলা, ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে নিয়মিতভাবে পরিদর্শন করার দক্ষতা ও মানসিকতা থাকতে হবে |

### অন্যান্য শর্ত ও নিয়মাবলী:

- আগ্রহী প্রার্থীদেরকে সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের রসিদ সত্যায়িত ছবি, জীবনবৃত্তান্ত (মোবাইল নাম্বার সহ), সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের ফটোকপি, অভিজ্ঞতার সনদপত্র, নাগরিকত্ব সনদপত্র ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কাগজ পত্রসহ আবেদন পত্র আগামী ১৭/০৫/২০১৮ ইং তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর বরাবরে পৌঁছাতে হবে।
- প্রাথমিক ভাবে বাছাইকৃত প্রার্থীদের নিয়োগ পরীক্ষার জন্য আহ্বান করা হবে। নিয়োগ পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।
- নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। কর্তৃপক্ষ প্রয়োজন বোধে এই নিয়োগ প্রক্রিয়া স্থগিত বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- নিয়োগ প্রক্রিয়ায় কোন ধরনের প্রভাব বিস্তার করার চেষ্টা প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

  
ড. মল্লিক আনোয়ার হোসেন  
জেলা প্রশাসক  
শেরপুর।